



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৯৮২/নতুন/নরসিংদী/ ১৪৮৪

তারিখ: ০২/০২/২৩

বিষয় : বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/০৭/২০২২ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১.১৯১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২৩ তারিখ হতে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

### শর্তসমূহ

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না;
- ২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে ও সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;
- ৫। পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) এবং মাধ্যমিক স্তরের জন্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- ৬। বিদ্যালয়ের জমি বিদ্যালয়ের নামে দলিল ও নামজারি করতে হবে।
- ৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ৮। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক

হাজী আলাউদ্দিন মাস্টার উচ্চ বিদ্যালয়

পো- পিরিজকান্দি, উপজেলা-রায়পুরা

জেলা- নরসিংদী।

মেমো নং- ১৪৮৪ (১১)

তারিখ: ০২/০২/২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
- ৯। সভাপতি, পরিচালনা কমিটি, হাজী আলাউদ্দিন মাস্টার উচ্চ বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী।
- ১০। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০২.০২